

Office of the Registrar

University of Dhaka

Dhaka-1000, Bangladesh.

Phone: 9670531, 9661900-59/4020(toff)

Fax: +88-02-55167810

E-mail: vcoffice@du.ac.bd

registrar@du.ac.bd



রেজিস্ট্রারের অফিস

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৬৭০৫৩১, ৯৬৬১৯০০-৫৯/৪০২০(অ)

ফ্যাক্স : +৮৮-০২-৫৫১৬৭৮১০

নং-রেজি/প্রশা-৩/৫৩তম সমাবর্তন-২০২২/২৭৪২৮-বি

তারিখ: ০৭/১/১৪২৯ বঙ্গাব্দ
২৬/১০/২০২২ খ্রিস্টাব্দ

১. সিনেটের সকল সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. সিন্ডিকেটের সকল সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. একাডেমিক কাউন্সিলের সকল সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. সকল শিক্ষক, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. কনস্টিটুয়েন্ট কলেজের অধ্যক্ষ/ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রিয় মহোদয়,

আপনার অবগতির জন্য আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তন আগামী ১৯ নভেম্বর ২০২২ তারিখ, শনিবার, দুপুর ১২:০০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এবং একইসাথে অধিভুক্ত সরকারি ০৭(সাত) কলেজের ইডেন মহিলা কলেজ ও বেগম বদরুল্লাহ সরকারি মহিলা কলেজের গ্র্যাজুয়েটদের জন্য ইডেন মহিলা কলেজ এবং ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, সরকারি বাঙ্গলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজের গ্র্যাজুয়েটদের জন্য ঢাকা কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। উক্ত সমাবর্তনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রত্নপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ সভাপতিত্ব করবেন। এ সমাবর্তনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তন অনুষ্ঠানের পর থেকে এ পর্যন্ত স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিশ্রাষ্ট্র গ্র্যাজুয়েটবৃন্দ, পদকপ্রাপ্তগণ, এম.ফিল., ডিবিএ এবং পিএইচ.ডি ডিগ্রিপ্রাপ্তগণ অংশ নেবেন। সমাবর্তন অনুষ্ঠানে ২০১৪ সালে অর্থনীতিতে নোবেল বিজয়ী ফরাসী অর্থনীতিবিদ Professor Dr. Jean Tirole সমাবর্তন বক্তা (Convocation Speaker) হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

৫৩তম সমাবর্তনে এবং মহামান্য চ্যান্সেলরের শোভাযাত্রায় অংশগ্রহণ করার জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

চ্যান্সেলরের শোভাযাত্রায় আপনার নির্ধারিত একাডেমিক কনস্টিউম (পোশাক) পরিধান বাধ্যতামূলক।


একাডেমিক কনস্টিউম-এর জন্য অংশগ্রহণকারী সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল-এর সদস্য, ডিন, কনস্টিটুয়েন্ট কলেজের অধ্যক্ষ/ইনস্টিটিউটের পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ও সুপারনিউমারারী শিক্ষকগণকে বিধি মোতাবেক টাঃ ৮০/- (আশি) মাত্র এবং সহকারী অধ্যাপক ও প্রভাষকগণকে (যারা সিনেট/সিন্ডিকেট/একাডেমিক কাউন্সিল-এর সদস্য নন) টাঃ ৫০/- (পঞ্চাশ) মাত্র প্রদান করতে হবে।


ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য নির্ধারিত টাকা তাঁদের ডিসেম্বর, ২০২২ মাসের বেতন থেকে কর্তন করার জন্য হিসাব পরিচালকের অফিসে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ব্যতিত অন্যান্য ব্যক্তিদের একাডেমিক কনস্টিউম গ্রহণের ফি বাবদ টাঃ ৮০/- (আশি) মাত্র রেজিস্ট্রারের অফিসের ২০৭ নং কক্ষে নগদ জমা দেয়ার ব্যবস্থা থাকবে।

৫৩তম সমাবর্তনে অংশগ্রহণকারীগণকে আগামী ১৬ নভেম্বর ২০২২ ও ১৭ নভেম্বর ২০২২ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার সকাল ১০:০০টা থেকে বিকেল ৪:০০ টায় মধে, নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন থেকে একাডেমিক কনস্টিউম ও গিফট সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সরবরাহকৃত একাডেমিক কনস্টিউম সমাবর্তন শেষ হওয়ার পরেই অর্থাৎ ১৯ নভেম্বর ২০২২ তারিখ, শনিবার সংগ্রহস্থলে (নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন) ফেরত দেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি। এই সমাবর্তন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষে ১৮ নভেম্বর ২০২২ তারিখ, শুক্রবার, অপরাহ্ন ৩:০০ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে সমাবর্তনের রিহার্সেল (মহড়া) অনুষ্ঠিত হবে। সমাবর্তন রিহার্সেলে অংশগ্রহণ করার জন্য আপনাকে ১৮ নভেম্বর ২০২২ তারিখ, শুক্রবার অপরাহ্ন ২:৩০ মিনিটের মধ্যে কার্জন হল মলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করছি।

আপনি ১৯ নভেম্বর ২০২২ তারিখ, শনিবার অনুষ্ঠেয় ৫৩তম সমাবর্তনে মহামান্য চ্যান্সেলরের শোভাযাত্রায় অংশগ্রহণ করতে ইচ্ছুক হলে নিম্নোক্ত ফরমটি পূরণ করে আগামী ০৮ নভেম্বর ২০২২ তারিখ, মঙ্গলবারের মধ্যে ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৪) (কক্ষ নং-২০৭) এর নিকট প্রেরণের জন্য আপনাকে সবিনয়ে অনুরোধ করাছি।

আপনার বিশ্বস্ত,


প্রবীর কুমার সরকার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়


Deputy Registrar
(নাম দ্রঃ)
Academic Officer
Prof. Dr. Md. Shamsur Rahman
MBBS, MCPS(CI.Path), M.Phil (Biochemistry)
Acting Principal
Dhaka National Medical College
03/11/22

রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রিয় মহোদয়,

আমি ড./জনাব (পূর্ণ নাম) সিনেট/সিন্ডিকেট/একাডেমিক কাউন্সিল-এর সদস্য/ডিন/ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কনস্টিটুয়েন্ট কলেজের অধ্যক্ষ/ইনস্টিটিউটের পরিচালক হিসাবে আগামী ১৯ নভেম্বর ২০২২ তারিখ, শনিবার, দুপুর ১২:০০টায় অনুষ্ঠেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তনে অংশগ্রহণ করতে সম্মতি জ্ঞাপন করছি।

আপনার বিশ্বস্ত,

বিঃ দ্রঃ প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন দিন।

শিক্ষক
পূর্ণনাম
পদবী
বিভাগ/ইনস্টিটিউট